গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৪৫/২০১৮-২০১৯

ঢাকা, মঙ্গলবার ২২ জানুয়ারি ২০১৯, ৯ মাঘ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মন্ত্রিসভায় রাষ্ট্রপতির ভাষণের খসড়া অনুমোদন

২। সততা ও জবাবদিহিতার সঙ্গে কাজ করতে হবে : নতুন মন্ত্রীদের উদ্দেশে প্রধানমন্ত্রী

৩। নবম ওয়েজবোর্ডের সুপারিশ পর্যালোচনায় মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন

৪। রাষ্ট্রপতির সঙ্গে নৌবাহিনী প্রধানের বিদায়ি সাক্ষাৎ

৫। প্রতিবন্ধী কোটা বাতিল হয়নি : মন্ত্রিপরিষদ সচিব

৬। প্রশ্নবিদ্ধ করতে বিএনপি নির্বাচনে অংশ নিয়েছিল : তথ্যমন্ত্রী

৭। রোহিঙ্গা ইস্যু ও ট্রাফিক সমস্যা সমাধানে আগ্রহী দক্ষিণ কোরিয়া : অর্থমন্ত্রী

৮। রোহিঙ্গা প্রত্যাবাসনে সর্বোচ্চ চেষ্টা চালাতে ইউএনএইচসিআরের প্রতি পররাষ্ট্রমন্ত্রীর আহ্বান

৯। ব্যবসা বাণিজ্যের নীতিমালা সহজ করা হবে : বাণিজ্যমন্ত্রী

১০। প্রবৃদ্ধির প্রথম সারিতে থাকবে বাংলাদেশ : বিশ্ব অর্থনীতি নিয়ে জাতিসংঘের পূর্বাভাস

১১। ঢাকার ২৮শ' একর খাস জমি উদ্ধারে হাইকোর্টের নির্দেশ

১২। খাল দখলদারদের ছাড় দেওয়া হবে না : ডিএসসিসি মেয়র

চলমান পাতা-২

১। **মন্ত্রিসভায় রাষ্ট্রপতির ভাষণের খসড়া অনুমোদন**

একাদশ জাতীয় সংসদের উদ্বোধনী অধিবেশনে রাষ্ট্রপতি যে ভাষণ দেবেন, তার খসড়া অনুমোদন করেছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (২১ জানুয়ারি সোমবার) তাঁর কার্যালয়ে নতুন সরকারের মন্ত্রিসভার প্রথম বৈঠকে ভাষণের এ খসড়া অনুমোদন করা হয়। এছাড়া মন্ত্রিসভার বৈঠকে পার্বত্য চট্টগ্রাম (ভূমি অধিগ্রহণ) রেগুলেশন (সংশোধন) আইন-২০১৯'র খসড়া অনুমোদন দেওয়া হয়েছে। গত সরকারের শেষ সময়ে পার্বত্য চট্টগ্রামের অধিবাসীদের ভূমি অধিগ্রহণে সমতলের জনগণের সঙ্গে সমতা বিধানের জন্য যে অধ্যাদেশটি জারি করা হয়েছিল সেটাকেই আইন আকারে আনা হয়েছে। তাছাড়া মন্ত্রিসভার বৈঠকে সুনির্দিষ্ট ছয়টি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এগুলো হচ্ছে গণপ্রতিনিধিত্ব (সংশোধন) আইনের খসড়ার নীতিগত অনুমোদন, ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) (সংশোধন) আইনের খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন, জাতীয় সমাজকল্যাণ পরিষদ আইনের খসড়ার চূড়ান্ত অনুমোদন, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র আইনের নীতিগত অনুমোদন এবং প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ এবং প্রতিবন্ধী ব্যক্তির সুরক্ষা বিধিমালা-২০১৫-এর আলোকে প্রতিবন্ধীবিষয়ক জাতীয় কর্মপরিকল্পনার খসড়া অনুমোদন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫)।

২। **সততা ও জবাবদিহিতার সঙ্গে কাজ করতে হবে : নতুন মন্ত্রীদের উদ্দেশে প্রধানমন্ত্রী**

দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ, জনবান্ধব প্রশাসন গড়া এবং কোনো কাজ ফেলে না রাখতে মন্ত্রিসভার সদস্যদের নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নতুন মন্ত্রীদের উদ্দেশে তিনি আরও বলেন, জবাবদিহিতা ও সততার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। কাজের ক্ষেত্রে কোনও ধরনের অন্যায় সহ্য করা হবে না। দায়িত্ব পালনে অনিয়ম ও অরাজকতা সহ্য করা হবে না। আপনারা স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার সঙ্গে দায়িত্ব পালন করবেন। আপনাদের কেউই তদারকির বাইরে নন। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ জয়ের পর নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠকে মন্ত্রিসভার সদস্যদের এ নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (২১ জানুয়ারি সোমবার) তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সকাল ১০টায় এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২)।

৩। **নবম ওয়েজবোর্ডের সুপারিশ পর্যালোচনায় মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন**

সংবাদপত্র ও বার্তা সংস্থার কর্মীদের বেতন বাড়াতে নবম মজুরি বোর্ডের সুপারিশ পর্যালোচনায় আগের মন্ত্রিসভা কমিটি পুনর্গঠন করে দিয়েছে নতুন সরকারের মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (২১ জানুয়ারি সোমবার) তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত নতুন মন্ত্রিসভার প্রথম বৈঠকে এ কমিটি পুনর্গঠন করা হয়। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরকে প্রধান করে সাত সদস্যের এ কমিটি করা হয় বলে বৈঠক শেষে সচিবালয়ে সাংবাদিকদের জানান মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৮), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৪)।

৪। **রাষ্ট্রপতির সঙ্গে নৌবাহিনী প্রধানের বিদায়ি সাক্ষাৎ**

নৌবাহিনী প্রধান এডমিরাল মোহাম্মদ নিজাম উদ্দিন আহমেদ গতকাল (২১ জানুয়ারি সোমবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করেন। রাষ্ট্রপতির প্রেস সচিব জানান, বৈঠকে নৌবাহিনী প্রধান বাংলাদেশ নৌবাহিনীর সার্বিক উন্নয়ন কর্মকাণ্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। তিনি জানান, নৌবাহিনী প্রধান তাঁর মেয়াদকালে গুরুত্বপূর্ণ নির্দেশনা ও সহযোগিতার জন্য রাষ্ট্রপতির প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। রাষ্ট্রপতি সমুদ্র সীমান্তসহ দেশের সীমান্তে নৌবাহিনীর কর্মতৎপরতা ও ভূমিকা পালনে সন্তোষ প্রকাশ করেন। সূত্র-**সংবাদ** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

৫। **প্রতিবন্ধী কোটা বাতিল হয়নি : মন্ত্রিপরিষদ সচিব**

মন্ত্রিসভার অনুমোদনের পর প্রথম ও দ্বিতীয় শ্রেণির সরকারি চাকরিতে সব ধরনের কোটা বাতিল করা হলেও প্রতিবন্ধী কোটা বহাল আছে বলে জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। তিনি বলেন, প্রশাসনিক

আদেশ দিয়ে আইন কখনও অতিক্রম করা যায় না। তাই সরকারি চাকরিতে প্রতিবন্ধীদের কোটা আগে যেভাবে ছিল সেভাবেই আছে। এ কোটা বাতিল করা হয়নি। গতকাল (২১ জানুয়ারি সোমবার) মন্ত্রিসভার বৈঠকশেষে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪)।

৬। **প্রশ্নবিদ্ধ করতে বিএনপি নির্বাচনে অংশ নিয়েছিল : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, নির্বাচন প্রশ্নবিদ্ধ করার জন্যই বিএনপি নির্বাচনে অংশগ্রহণ করেছিল। তাদের মূল লক্ষ্য ছিল নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করা। সেজন্য নানা ধরনের কথা বলছেন। গতকাল (২১ জানুয়ারি সোমবার) সচিবালয়ে তাঁর নিজ দফতরে বিএনপি'র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর সংবাদসম্মেলনের বক্তব্যের প্রতিবাদ জানিয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৪)।

৭। **রোহিঙ্গা ইস্যু ও ট্রাফিক সমস্যা সমাধানে আগ্রহী দক্ষিণ কোরিয়া : অর্থমন্ত্রী**

বাংলাদেশের ট্রাফিকব্যবস্থা উন্নয়নে কাজ করতে আগ্রহী দক্ষিণ কোরিয়া। একইসঙ্গে রোহিঙ্গা সমস্যা সমাধানেও কাজ করবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (২১ জানুয়ারি সোমবার) রাজধানীর শেরেবাংলা নগরে অর্থমন্ত্রীর কার্যালয়ে কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (কোইকা) প্রেসিডেন্ট এইচ ই লি মিকউনের নেতৃত্বে নয় সদস্যের এক প্রতিনিধিদল অর্থমন্ত্রীর সঙ্গে বৈঠক করেন। রোহিঙ্গাদের বিষয়ে কোইকার প্রেসিডেন্ট বলেন, তিনি যখন ফেরত যাবেন, এ রোহিঙ্গা ইস্যু নিয়ে তাঁর সরকারকে অবহিত করবেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

৮। **রোহিঙ্গা প্রত্যাবাসনে সর্বোচ্চ চেষ্টা চালাতে ইউএনএইচসিআরের প্রতি পররাষ্ট্রমন্ত্রীর আহ্বান**

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন জাতিসংঘের শরণার্থী সংস্থা ইউএনএইচসিআরের প্রতি মর্যাদা ও নিরাপত্তার সঙ্গে দ্রুত রোহিঙ্গা প্রত্যাবাসনে সর্বোচ্চ চেষ্টা চালানোর আহ্বান জানিয়েছেন। বাংলাদেশে ইউএনএইচসিআরের নবনিযুক্ত আবাসিক প্রতিনিধি স্টিভেন করলিস গতকাল (২১ জানুয়ারি সোমবার) পররাষ্ট্রমন্ত্রীর কাছে তাঁর পরিচয়পত্র পেশ করতে গেলে মন্ত্রী এ আহ্বান জানান। পররাষ্ট্রমন্ত্রী জাতিসংঘের সর্বশেষ অধিবেশনে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উত্থাপিত তিন দফা, মিয়ানমারে জাতিসংঘের স্বাধীন তদন্ত কমিশন ও কফি আনান কমিশনের কথা তুলে ধরে রোহিঙ্গা সঙ্কটের মূল কারণ নিরসনের ওপর জোর দেওয়ার জন্য ইউএনএইচসিআর প্রতিনিধির প্রতি আহ্বান জানান। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.১৭,ক.৫)।

৯। **ব্যবসা বাণিজ্যের নীতিমালা সহজ করা হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি বলেছেন, ব্যবসা বাণিজ্যের পরিবেশ উন্নয়নের লক্ষ্যে নীতিমালা সহজ করার বিকল্প নেই। এজন্য সরকার প্রয়োজনীয় উদ্যোগ নিচ্ছে। এ ক্ষেত্রে বেসরকারি খাতের কাছ থেকে পরিকল্পনা চেয়েছেন তিনি। গতকাল (২১ জানুয়ারি সোমবার) সচিবালয়ে ঢাকা চেম্বার অভ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) পরিচালনা পর্ষদের সদস্যরা বাণিজ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।

১০। **প্রবৃদ্ধির প্রথম সারিতে থাকবে বাংলাদেশ : বিশ্ব অর্থনীতি নিয়ে জাতিসংঘের পূর্বাভাস**

চলতি বছর বিশ্বের যেসব দেশে ৭ শতাংশ বা এর বেশি প্রবৃদ্ধি হবে, তার মধ্যে বাংলাদেশ অন্যতম। আবার চীন, ভিয়েতনাম কিংবা কম্বোডিয়ার মতো রফতানি বাজারে বাংলাদেশের প্রধান প্রতিযোগীদের সবার চেয়ে বাংলাদেশের প্রবৃদ্ধি হবে বেশি। 'বিশ্ব অর্থনীতির অবস্থা ও সম্ভাবনা-২০১৯' নামে জাতিসংঘের এক প্রতিবেদনে এ পূর্বাভাস রয়েছে। প্রতিবেদনটি গতকাল (২১ জানুয়ারি সোমবার) বাংলাদেশ সময় রাত ১০টায় নিউইয়র্কে জাতিসংঘের সদরদপ্তর থেকে প্রকাশিত হয়। জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক বিভাগ (ইউএন-ডেসা), বাণিজ্য ও বিনিয়োগ সংস্থা আঙ্কটাড এবং এসকাপসহ ৫টি আঞ্চলিক কমিশন যৌথভাবে প্রতিবেদনটি প্রকাশ করেছে। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

১১। **ঢাকার ২৮শ' একর খাস জমি উদ্ধারে হাইকোর্টের নির্দেশ**

রাজধানী ঢাকার প্রায় ২ হাজার ৮শ' একর খাস জমি উদ্ধারের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। আদালত বলেছে, সরকারের নামে থাকা এ বিপুল পরিমাণ জমি উদ্ধার করা ভূমি মন্ত্রণালয়ের সাংবিধানিক দায়িত্ব। নতুন জরিপের মাধ্যমে সরকার এ জমি উদ্ধার করতে পারে। বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর স্বাক্ষরিত পূর্ণাঙ্গ এ রায় গতকাল (২১ জানুয়ারি সোমবার) প্রকাশিত হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬)।

**১২। খাল দখলদারদের ছাড় দেওয়া হবে না : ডিএসসিসি মেয়র**

খাল দখলদাররা যে মতাদর্শের লোকই হোক বা যে দলেরই হোক না কেন কাউকেই একবিন্দু ছাড় দেওয়া হবে না বলে হুঁশিয়ারি করেছেন ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। গতকাল (২১ জানুয়ারি সোমবার) রাজধানীর ধোলাইরপাড় এলাকা হতে কুতুবখালি খালের পরিচ্ছন্নতা কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধনের সময় সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **নিউ নেশন** (পৃ.১,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** রক্ষণাবেক্ষণের অভাবে বিআরটিসি'র অনেক বাস অচল অবস্থায় পড়ে থাকার বিষয় তুলে ধরে সড়কে নতুন বাস নামানোর পাশাপাশি পুরাতন বাসগুলোকেও মেরামত করে চলাচল উপযোগী করার সুপারিশ।

খ. **সংবাদ :** শিক্ষানীতি বাস্তবায়নের জন্য দ্রুত আইন প্রণয়ন করে তার কঠোর বাস্তবায়ন নিশ্চিত করার আহ্বান।

গ. **জনকণ্ঠ, ইত্তেফাক, ইন্ডিপেনডেন্ট :** খাদ্যের মান নিয়ন্ত্রণের লক্ষ্যে নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ হোটেল রেস্তোরাঁর গ্রেডিং ভিত্তিতে স্টিকার পদ্ধতি চালু করার যে উদ্যোগ নিয়েছে সে বিষয়ে সংশ্লিষ্টদের আন্তরিক হওয়ার আহ্বান।

ঘ. **সমকাল :** ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুরের রূপসদী ইউনিয়নের ২০০ বছরের পুরানো সরকারি পুকুর ভরাটের চেষ্টা আইনিভাবে প্রতিহত করাসহ সারাদেশের দখল হয়ে যাওয়া পুকুর ও জলাশয় সংস্কার ও উদ্ধারেও তৎপর হওয়ার সুপারিশ।

ঙ. **যুগান্তর :** চট্টগ্রাম কাস্টমস হাউসের দুর্নীতিরোধে দ্রুত ব্যবস্থা নেওয়া না হলে দেশের অর্থনীতিতে এর নেতিবাচক প্রভাব পড়ার আশংকা প্রকাশ।

চ. **বণিক বার্তা :** কিছু অনলাইনভিত্তিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতারণার অভিযোগ ওঠায় বিটিআরসিকে এ ব্যাপারে তদারকি জোরদার ও শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

ছ. **ভোরের কাগজ, যায়যায়দিন, নিউ নেশন, নিউ এজ :** আসন্ন এসএসসি পরীক্ষার আগে কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ কঠোরভাবে বাস্তবায়ন করার প্রত্যাশা

ঞ. **ইন্ডিপেনডেন্ট :** রাজশাহী সিটি করপোরেশনের সড়ক সংস্কারে গৃহীত ৩০০০ কোটি টাকার রোড নেটওয়ার্ক প্রজেক্টের বিষয় তুলে ধরে এ জন্য সড়ক নির্মাণ ও সংস্কারকাজে মনিটরিং ব্যবস্থা জোরদারের সুপারিশ।

ট. **ডেইলি সান :** দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর আবাসন সংকট সমাধানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে দ্রুত পদক্ষেপ গ্রহণের আহ্বান।

ঠ. **নিউ নেশন, নিউ এজ :** কর্ণফুলী নদীর দুর্দশা লাঘবে এর দুই তীরের সব অবৈধ স্থাপনা উচ্ছেদ করাসহ এ নদীতে শিল্প কারখানার অপরিশোধিত বর্জ্য ফেলা বন্ধের ব্যবস্থা করার সুপারিশ।

ড. **অবজারভার :** তিস্তা নদীর পানি প্রবাহ সর্বনিম্ন পর্যায়ে চলে যাওয়ায় উত্তরাঞ্চলের কৃষকরা বোরো ধানের পরিবর্তে তামাক চাষে উৎসাহিত হওয়ায় কর্তৃপক্ষকে বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় নেওয়ার প্রত্যাশা।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিগত ১০ বছরে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনবদ্য সাফল্য ঢাকা ও বঙ্গোপসাগরীয় অঞ্চলের জন্য নতুন অর্থনৈতিক সুযোগ-সুবিধা তৈরি করে দেবে।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'শীতে অতিথি পাখিদের মেলা ও পরিবেশ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, পাখিমেলার আয়োজনের ফলে মানুষের মধ্যে সচেতনতা গড়ে উঠবে এবং প্রকৃত অর্থেই অতিথি পাখিসহ অন্যান্য পক্ষীকূল রক্ষা পাবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা